

## এইচএসসি পরীক্ষা-২০২৪

### বিভিন্ন প্রশ্নের উত্তরে সময়ের বিভাজন

#### বাংলা ২য় পত্র

পরীক্ষায় প্রশ্নভিত্তিক সময়ের বিভাজন খুবই গুরুত্বপূর্ণ। এর হেরফের হলে যথাসময়ে সব উত্তর করা যায় না। বা উত্তর করা গেলেও সব উত্তরের পরিধি সমান হয় না। ফলে, নম্বরের কমবেশি হয়। তাই প্রতি প্রশ্নের উত্তরের জন্য সময় সুনির্দিষ্ট করতে হবে। কোনো অবস্থাতেই এর অন্যথা করা যাবে না। আমাকে অনেক ছাত্র-ছাত্রী প্রশ্ন করে, ‘স্যার, রচনা কয় পৃষ্ঠা লিখবো? ভাব-সম্প্রসারণ, ভাষণ, প্রতিবেদন বা সংলাপ কয় পৃষ্ঠা লিখবো?’ আমি এর উত্তরে বলি, কয় পৃষ্ঠা নয়, কয় মিনিট একটি উত্তর লিখবে এই প্রশ্ন করো।

HSC Exam-2024-এ বাংলা ২য়পত্রের সময়ের বিভাজন হবে এরকম:

বিষয়	সময় (মিনিটে)
উচ্চারণ	২
বানান	২
পদ	২
শব্দ	৩
বাক্য	৩
শুদ্ধি	৩
পারিভাষিক শব্দ	৫
দিনলিপি/প্রতিবেদন	২০
পত্র	১৫
ভাবসম্প্রসারণ	২৪
সংলাপ	১৮
প্রবন্ধ রচনা	৮০
প্রশ্ন পড়া ইত্যাদি	১
অতিরিক্ত উত্তরপত্র নেওয়া ও স্বাক্ষর	২
মোট	১৮০

দ্বিতীয়পত্রে কোন প্রশ্ন আগে লিখবে বা কোন প্রশ্ন সর্বশেষ লিখবে তার ক্রমটা দেখে নাও:

প্রথম : (১) ব্যাকরণ (মোট ১৫ মিনিট)

(ক) উচ্চারণ (খ) বানান (গ) পদ (ঘ) শব্দ (ঙ) বাক্যরূপান্তর (চ) বাংলা ভাষার প্রয়োগ ও অপপ্রয়োগ

(২) পারিভাষিক শব্দ ( ৫ মিনিট)

(৩) পত্র (১৫ মিনিট)

(৪) সংলাপ ( ১৮ মিনিট)

(৫) দিনলিপি/প্রতিবেদন (প্রতিবেদন- উত্তর না করা ভালো) (২০ মিনিট)

(৬) ভাবসম্প্রসারণ (সারাংশ-উত্তর না করা ভালো) (২৪ মিনিট)

(৭) রচনা। (৮০ মি.)

মুসা স্যার

অধ্যাপক (বাংলা)

[www.onlinereadingroombd.com](http://www.onlinereadingroombd.com)